ঢাকা ওয়াসা

১) ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
২) প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।
৩) পিপিআর-২০২৫ এর বিধি ১০১(১) (Force Account) এর কপি।
৪) অর্থ মন্ত্রনালয়ের পরিপত্র।
৫) প্রাক্কলন।

Name of work : Mass Cleaning of sewer line & manhole at DMA-501 under MODS Zone-5, Dhaka WASA.

০১। ঢাকা ওয়াসার অধীন মডস জোন-৫, ঢাকা শহরের বিস্তীর্ন এবং গুরুত্বপূর্ণ এলাকায় পানি সরবরাহ ও পয়ঃ নিস্কাশন সেবা প্রদান করে থাকে। অত্র জোনের অধীনে বনানী ডিএমএ ৫০১ এলাকায় বিভিন্ন ব্যাসের পয়:লাইন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা সংশ্লিষ্ট এলাকার গ্রাহকগণের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সেবা প্রদানের মাধ্যমে ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। অত্র জোনের আওতাধীন পয়ঃলাইন সমূহ দীর্ঘ দিনের পুরাতন এবং জরাজীর্ণ অবস্থায় আছে। ফলে বিভিন্ন এলাকা হতে প্রায়ই সুয়্যার ওভার-ফ্লো এর অভিযোগ আসে। এতে গ্রাহক অসন্তুষ্টিসহ পরিবেশ দূষিত হওয়ার পাশাপাশি মারাত্বক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। অত্র জোনের আওতাধীন আলোচ্য এলাকায় সঠিক পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই জরুরী ভিত্তিতে স্যুয়ার লাইন ও ম্যানহোল মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন।

০২। সেই প্রেক্ষিতে মডস জোন-৫ এর আওতাধীন আলোচ্য এলাকায় মাস ক্লিনিং কাজ সম্পন্ন করার উদ্যোগ নেওয়া হয়েছে। মাস ক্লিনিং কাজে লেবার নিয়োজিত করে বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন করা হবে। পরবর্তিতে ট্রাক / ভ্যান গাড়ীর মাধ্যমে স্লাজ অপসারণ করা হবে। এখানে উল্লেখ্য যে, স্লাজ উত্তোলন কাজে বিভাগীয় ভাবে স্লাজ ডি-ওয়াটারিং পাম্প ব্যবহার করা হবে। ঢাকা ওয়াসার গঠনকৃত টাস্কফোর্স টীম কর্তৃক বর্ণিত মাস ক্লিনিং কাজটি মনিটরিং করা হবে।

০৩। অত্র জোনের আওতাধীন আলোচ্য এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন কাজে প্রয়োজনীয় শ্রমিক নিয়োজিত করার জন্য অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে । যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে **৳ ২,৪০,০০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার)** টাকা মাত্র। আলোচ্য কাজটি ২০২৫ এর বিধি ১০১(১) (Force Account) অনুসরনে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত কাজ শেষে ব্যয়কৃত টাকা অনুমোদিত ভাউচারের মাধামে সমন্বয় করা হবে। কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৫-২৬ ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং-৪৫ Package No- SLM16 হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজের আর্থিক ও প্রশাসনিক অনুমোদন ক্ষমতা **"ব্যবস্থাপনা পরিচালক"** মহোদয়ের আওতাধীন।

০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে জরুরী ভিত্তিতে, জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে এবং সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে Mass Cleaning of sewer line & manhole at DMA-501 under MODS Zone-5, Dhaka WASA. শীর্ষক কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ উপস্থাপন করা হল।

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সর্বমোট ৳ ২,৪০,০০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা মাত্রর প্রাক্কলণটি ব্যয় সম্পাদন করা যেতে পারে;

খ) আলোচ্য কাজটি পিপিআর ২০২৫ এর বিধি ১০১(১) অনুযায়ী ফোর্স একাউন্ট প্রয়োগ করে মুজুরির বিনিময়ে বিভাগীয়ভাবে শ্রমিক নিয়োগ করে সম্পাদন করা যেতে পারে;

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার "পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ" (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং ৪৫ হতে নির্বাহ করা যেতে পারে;

উপস্থাপিত প্রস্তাব সমূহ **"ব্যবস্থাপনা পরিচালক"** মহোদয়ের কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

03/03/2026
Reza Al-Amin Shaikh
Sub- Assistant Engineer
MODS Zone-5,
Dhaka WASA

AE
03/03/26
মোহাম্মদ সাইফুর রহমান চৌধুরী
সহকারী প্রকৌশলী
মড্স জোন-০৫
ঢাকা ওয়াসা।

EE
মোঃ শাহীন হাসান
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মড্স জোন-৫, ঢাকা ওয়াসা

SE
05/03/26
প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-২, ঢাকা ওয়াসা।

05/03/26
CE
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

DMD
মোঃ মিজানুর ...
(অতিরিক্ত সচিব)
উপব্যবস্থাপনা পরিচালক (...)
অতিরিক্ত দায়িত্ব)
ঢাকা ওয়াসা।

আলোচনা করুন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়
মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

XEN (MODS-5)
DMD

ঢাকা ওয়াসা

২০২৬-২৭ অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।

০৬। অনুচ্ছেদ-০১ হতে ০৫ পর্যন্ত দেখা যেতে পারে। অনুচ্ছেদ-৫ মোতাবেক আলোচনা করা হয়েছে। মডস জোন-০৫ এর আওতাধীন বনানী ডিএমএ-৫০১ এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল হতে স্লাজ উত্তোলন কাজে প্রয়োজনীয় শ্রমিক নিয়োজিত করার জন্য অনুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে (সংযুক্ত ক্রঃ নং-৫ দ্রঃ)। যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে ৳ ২,৪০,০০০.০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকা মাত্র (সংযুক্ত ক্রঃ নং-৫ দ্রঃ)। কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০১(১) (Force Account) অনুসরনে বাস্তবায়ন করা যেতে পারে। আলোচ্য কাজটি ২০২৫-২৬ অর্থবছরে "পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ" খাতে প্রয়োজনীয় বাজেট না থাকায় বাস্তবায়ন করা সম্ভপর হয়নি। ২০২৬-২৭ অর্থবছরে "পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ" খাতে বাজেট বরাদ্দ পাওয়ায় বর্ণিত কাজের ব্যয়ভার মডস জোন-০৫ এর ২০২৬-২৭ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার (সংযুক্ত ক্রঃ নং-৭ দ্রঃ) পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ (বাজেট কোড নং-01-04-002) খাত এর ক্রমিক নং ৩৫ হতে নির্বাহ করা যেতে পারে।

০৭। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে জরুরী ভিত্তিতে, জনস্বার্থে ও ঢাকা ওয়াসা এর সুনাম রক্ষার্থে এবং সুষ্ঠু পয়ঃ নিষ্কাশনের নিমিত্তে **Mass Cleaning of sewer line & manhole at DMA-501 under MODS Zone-5, Dhaka WASA.** শীর্ষক কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট ৳ ২,৪০,০০০.০০/- (দুই লক্ষ চল্লিশ হাজার) টাকার প্রাক্কলন টি অনুমোদন;

খ) আলোচ্য কাজটি পিপিআর ২০২৫ এর বিধি ১০১(১) অনুযায়ী ফোর্স একাউন্ট অনুসারে বাস্তবায়নের অনুমোদন এবং;

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৬-২৭ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার (সংযুক্ত ক্রঃ নং-৬ দ্রঃ) পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং ৩৫ হতে নির্বাহ করার অনুমোদন।

আলোচ্য কাজটির অনুমোদন ক্ষমতা ব্যাবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধিন। সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হল।

মোঃ সাইফুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৫, ঢাকা ওয়াসা

মোহাম্মদ সাইফুর রহমান চৌধুরী
সহকারী প্রকৌশলী
মড্স জোন-০৫, ঢাকা ওয়াসা।

মোঃ শাহীন হাসান
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মড্স জোন-৫, ঢাকা ওয়াসা

প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-২, ঢাকা ওয়াসা।

আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অপাঃ)
ঢাকা ওয়াসা।

মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অপাঃ)
ঢাকা ওয়াসা।

ড. মুহা. অলিউজ্জামান
ব্যবস্থাপনা পরিচালক
(অতিরিক্ত সচিব)
ঢাকা ওয়াসা।